



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী পরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ময়মনসিংহ।



“মুজিব বর্ষের প্রতিশ্রুতি  
সেবা, ত্যাগ ও অগ্রগতি”

## “শোক বার্তা”

অতীব দুঃখ ও ভারাক্রান্ত হৃদয়ে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ময়মনসিংহের ফায়ারফাইটার জনাব মোঃ সালেহ আহম্মেদ (পিএন-৩৭২৯) কর্তব্যরত অবস্থায় অসুস্থ বোধ করলে ২৮/৬/২০২১খ্রিঃ তারিখ ময়মনসিংহ মেডিকেল কলেজ, হাসপাতাল ময়মনসিংহে ভর্তি করা হয়। পরবর্তীতে চিকিৎসায় তার করোনা ধরা পড়ায় এবং অবস্থার অবনতি হলে নিবির পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) নেয়া হয় এবং সেখানে চিকিৎসারত অবস্থায় ০৩/৭/২০২১খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ ঘটিকার সময় মৃত্যুবরণ করেন (ইমালিগ্লাই ওয়া ইন্না ইলাইহী রাজিউন)।

মরহম মোঃ সালেহ আহম্মেদ ১০/০৪/১৯৮১ খ্রিঃ তারিখ গ্রামঃ মাঘান, ডাকঘরঃ রানিহালা, উপজেলাঃ মদন, জেলাঃ নেত্রকোনা, এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ১৬/৮/২০০৪খ্রিঃ তারিখ এই বিভাগে এবং ২০/৭/২০২০খ্রিঃ ফায়ারফাইটার পদে ময়মনসিংহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে যোগদান করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪০ বছর ২ মাস ২৩ দিন।

মরহম সালেহ আহম্মেদ কর্মজীবনে একজন কর্তব্যপরায়ন, মৃদুভাষী, সদালাপী, দায়িত্বশীল এবং পরিশ্রমী ফায়ারফাইটার ছিলেন। মৃত্যু কালে তিনি এক স্ত্রী, এক ছেলে, পিতা এবং বহু আত্মীয় স্বজন ও গুনগ্রাহী রেখে গেছেন। তার এই আকস্মিক মৃত্যুতে আমরা গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত। পরম করুণাময় আল্লাহ তালার নিকট তার বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করছি এবং মরহমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও সহানুভূতি জ্ঞাপন করছি।

স্বাঃ--

(মোঃ জসীম উদ্দিন পি এফ এম)  
সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ময়মনসিংহ।

তারিখঃ ০৫/০৭/২০২১ খ্রিঃ।

স্মারক নং- এডি/এফএসসিডি/ময়মন / ১৪৪২/১৫০

অনুলিপি (অবগতি ও কার্যার্থে)-

- ১। মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/ অপাঃ ও মেইনঃ/ পঃউঃ প্রঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। উপ পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যান বোর্ড, বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। উপ-পরিচালক(প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ/ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .....(সকল)।
- ৯। বিভাগীয় হিসাব রক্ষণ অফিসার, ময়মনসিংহ।
- ১০। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, .....(সকল)।
- ১১। সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, .....(সকল)।
- ১২। বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ১৩। জনাব আফরোজা বেগম, স্বামী মৃতঃ মোঃ সাহেল আহম্মেদ, গ্রামঃ মাঘান, ডাকঘরঃ রানিহালা, উপজেলাঃ মদন, জেলা নেত্রকোনা।  
তাকে সকল পাওনাদির বিষয়ে অত্র অফিসে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ১৪। অত্র দপ্তরের নথী।

(মোঃ জসীম উদ্দিন পি এফ এম)  
সহকারী পরিচালক  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
ময়মনসিংহ।